# বার্ষিক প্রতিবেদন ২০২৩



## রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

নওদাপাড়া (বাইপাস রোড), রাজশাহী- ৬২০৩।
ফোন: ০২৫৮৮ ৮০৩০৪৪, ই-মেইল: rmpi2003@gmail.com, ওয়েব: www.rmpi.gov.bd

ভূমিকা:

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কারিগরি শিক্ষার ভূমিকা অনস্বীকার্য। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ ও পেশাদার ও কারিগরি শিক্ষায় শিক্ষিত জনশক্তির কোনো বিকল্প নেই। এই সব বিষয় বিবেচনায় রেখেই ১৯৯৮ সালে তৎকালীন সরকার একনেক বৈঠকে 'বিভাগীয় শহরে তিনটি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প' অনুমোদন করেন। তারই ধারাবাহিকতায় ২০০৩ সালে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আই.ডি.বি) এর আর্থিক সহায়তায় বিভাগীয় শহর চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীতে এই প্রকল্পের নির্মান কাজ শুরু হয়। ২০০৬ সালের ১৩ সেপ্টেম্বর তৎকালীন প্রধানমন্ত্রী রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট উদ্বোধন করেন। এই ইনস্টিটিউট-এ প্রথম ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেন জনাব এ কে এম আমির হোসেন সরকার। পরবর্তীতে ২০০৬ সালের ০১ জুন হতে অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন জনাব মোঃ ওমর ফারুক।

প্রথম বছরে (২০০৫-২০০৬ শিক্ষাবর্ষে) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ১৫৪ জন শিক্ষার্থী নিয়ে সাম্প্রতিক তথ্য প্রযুক্তি ও চাহিদার নিরিখে আন্তর্জাতিক মানের প্রণীত পাঠ্যক্রম অনুসারে বিপুল উৎসাহ এবং উদ্দীপনার মধ্য দিয়ে আন্তরিক পরিবেশে এই প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম শুরু হয়। সমাজ ও রাজনীতি সচেতন বিশিষ্ট ব্যক্তিবর্গের সক্রিয় প্রচেষ্টায় ও আন্তরিকতায় প্রতিষ্ঠিত সম্পূর্ণ অরাজনৈতিক কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট সফলতার ১৮তম বছর শেষ করে ১৯তম বছরের পথ চলছে। বর্তমানে এই প্রতিষ্ঠানে মোট শিক্ষার্থী সংখ্যা প্রায় ৮০০ জন।

অবস্থান:

শিক্ষানগরী রাজশাহীতে সম্প্রতি নির্মিত এই কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান নগরীর নওদাপাড়া বাইপাসে (আম চত্ত্বর ও নতুন বাস টার্মিনালের মাঝামাঝি), রাজশাহী শহরের কেন্দ্র হতে আট কিলোমিটার উত্তর-পূর্ব দিকে অবস্থিত।

কর্তৃত্ব:

রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট দেশের অন্য ৪৯টি পলিটেকনিক ও মনোটেকনিকের মতোই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় এর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন, যার কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের মান প্রনয়ন, নিয়ন্ত্রন, মূল্যায়ন ও উন্নয়ন-এর সার্বিক দায়িত্ব বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত।

কার্যক্রম:

৪ বছর মেয়াদী "ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্স":

দেশের সামগ্রিক উন্নয়নের জন্য কারিগরি শিক্ষায় শিক্ষিত দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রণিত আন্তর্জাতিক মানসম্পন্ন ও যুগোপযোগী কারিগরি শিক্ষা কর্মসূচী বাস্তবায়ন করাই এই প্রতিষ্ঠানের মূল লক্ষ্য। এই লক্ষ্য বাস্তবায়নে বর্তমানে রাজশাহী মহিলা পরিটেকনিক ইনস্টিটিউটে ৫টি টেকনোলজিতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। টেকনোলজিগুলো হলো-

- আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন,
- কম্পিউটার,
- ইলেকট্রোমেডিক্যাল
- ইলেকট্রোনিক্স
- ফুড এবং
- ইলেকট্রিক্যাল

শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী:

| সময়কাল | রাজস্বভুক্ত শিক্ষক | লাইব্রেরিয়ান | রেজিস্ট্রার | স্টেপ প্রকল্পের শিক্ষক | ক্রাফট ইন্সট্রাক্টর | ল্যাব সহকারী | তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী | খণ্ডকালীন শিক্ষক | মোট জনবল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১/০১/২০২৩ | ২৩ | ০১ | ০১ | ০৯ | ৩৭ | ০২ | ১৮ | ১১ | ১০২ |
| ১৫/১০/২০২৩ | ২৪ | ০১ | ০১ | ০৯ | ৩৮ | ০২ | ১৮ | ১১ | ১০০ |

**অবকাঠামো:**

মোট ২ একর জায়গার উপর নির্মিত এই শিক্ষা প্রতিষ্ঠানটি ৫টি ভবন (প্রশাসনিক, একাডেমিক, ওয়ার্কসপ-১, ওয়ার্কসপ-২ ও ১৪৮ আসন বিশিষ্ট ছাত্রী নিবাস) নিয়ে নির্মিত এই শিক্ষা প্রতিষ্ঠানটির নির্মানশৈলী ও স্থাপত্যশিল্প আধুনিক ও দৃষ্টিনন্দন।

হোষ্টেল:

ইনস্টিটিউটের মূল ভবনের পূর্বপাশে রয়েছে ১৪৮ আসন বিশিষ্ট ৪তলা ছাত্রী নিবাস। ছাত্রীদের মেধা ও স্থায়ী ঠিকানা হতে ইনস্টিটিউটের দূরত্ব বিবেচনা করে ছাত্রীদের মাঝে আসন বরাদ্দ দেয়া হয়।

আবাসন ব্যবস্থা:

এই ইনস্টিটিউটে কর্মচারীদের জন্য ৪ ইউনিটের একটি ২ তলা স্টাফ কোয়ার্টার রয়েছে। এছাড়া ইনস্টিটিউটের পূর্ব-দক্ষিণ কোনে অধ্যক্ষ এবং হোস্টেল সুপারের জন্য একটি ২তলা কোয়ার্টার রয়েছে।

খেলার মাঠ:

ইনস্টিটিউটে কোন আলাদা খেলার মাঠ নেই। তবে, মূল ভবন চারটির মাঝে প্রায় ১০০০০ বর্গফুটের একটি খোলা স্থান খেলার মাঠ হিসেবে ব্যবহার করা হচ্ছে। এই মাঠে সংক্ষিপ্ত পরিসরে ফুটবল, ক্রিকেট সহ ভলিবল, ব্যাডমিন্টন ও অন্যান্য বহিঃকক্ষ খেলার ব্যবস্থা রয়েছে।

লাইব্রেরী:

সাম্প্রতিক তথ্য সম্বলিত পাঠ্য ও রেফারেন্স উপকরণ নিয়ে গড়া একটি লাইব্রেরী রয়েছে এই প্রতিষ্ঠানে। বর্তমান প্রযুক্তি ও শিক্ষা সহায়ক জার্নাল সহ পাঠ্য ও রেফারেন্স বইগুলো ছাত্রীসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা ব্যবহার করতে পারে। ইনস্টিটিউট খোলা থাকাকালীন সময়ে এখানে বসে পড়াশোনা করা যায়। একসাথে প্রায় ৫০ জন এখানে বসে পড়তে পারে। বর্তমানে এই লাইবেরীর সংগ্রহ সংখ্যা প্রায় ৫০০০।

**২০২৩ সালে শিক্ষার্থীদের আবাসন ব্যবস্থাপনার তথ্যাদিঃ**

| সেশন | হোস্টেলে সিটের জন্য আবেদনকারীর সংখ্যা | বরাদ্দের সংখ্যা |
|---|---|---|
| ২০২২-২০২৩ | ১১১ | ৪৩ |
| ২০২৩-২০২৪ | ১০৭ | ৪২ |

**একাডেমিক কার্যাবলীঃ**

**ক। ২০২৩ সালে ইন্সটিটিউটে ভর্তি শিক্ষার্থীদের তথ্যঃ**

| টেকনোলজি সেশনঃ ২০২২-২০২৩ | ভর্তি শিক্ষার্থীদের সংখ্যা | টেকনোলজি সেশনঃ ২০২৩-২০২৪ | ভর্তি শিক্ষার্থীদের সংখ্যা |
|---|---|---|---|
| আর্কিটেকচার | ৮০ | আর্কিটেকচার | ৮০ |
| কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি | ৯২ | কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি | ৯২ |
| ফুড | ৩৪ | ফুড | ৩৪ |
| ইলেক্ট্রিক্যাল | ১১২ | ইলেক্ট্রিক্যাল | ১১২ |

**খ। ৮ম সেমিস্টারের ফলাফল** (ফলাফল প্রকাশের তারিখ: ১৫/০৫/২০২৩ খ্রি.)

| টেকনোলজি | মোট পরীক্ষার্থী | উত্তীর্ণ | রেফার্ড |
|---|---|---|---|
| কম্পিউটার | ৭৫ | ৭০ | ০৫ |
| ইলেক্ট্রোনিক্স | ৫০ | ৪৪ | ০৬ |
| ইলেক্ট্রোমেডিক্যাল | ৩৬ | ৩০ | ০৬ |
| আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন | ৪৮ | ৪৬ | ০২ |
| ফুড | ৩১ | ৩১ | ০০ |

গ। উপবৃত্তি প্রদান:

জানুয়ারী-জুলাই ২০২৩ মেয়াদে মোট শিক্ষার্থী সংখ্যা: ৭৫৬ জন।
উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা: ৫৪১ জন।
উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর শতকরা হার: ৭২%।

ঘ। শিল্প কারখানায় সংযুক্তি:

৫টি টেকনোলজির মোট ১৬৪ জন শিক্ষার্থী বিভিন্ন শিল্প কারখানায় সংযুক্তিতে ইন্টার্ণশীপ সম্পন্ন করে।

ঙ। মেধা ও উপস্থিতি পুরস্কার প্রদান:

মেধা পুরস্কার : ২০ জনকে ক্রেষ্ট, সনদপত্র ও শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।
সর্বোচ্চ উপস্থিতি পুরস্কার : ১০ জনকে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।
১০০% উপস্থিতি পুরস্কার : ২৩ জনকে ক্রেষ্ট ও শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।





জাতীয় দিবস সমূহ উদযাপন:

অত্র ইনস্টিটিউটে ২০২৩ সালে যথাযোগ্য ভাবগাম্ভীর্য ও গুরুত্বের সাথে রাষ্ট্রীয় নির্দেশনা মোতাবেক সকল জাতীয় দিবস উদযাপন করা হয়। জাতীয় অনুষ্ঠানসমূহে আমন্ত্রিত অতিথিবৃন্দ, উপস্থিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রয়োজনীয় বক্তব্য ও নির্দেশনা প্রদান করেন।

২১ ফেব্রুয়ারী "মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস":

রাজশাহী মহিলা পলিটেকনিক স্টিটিউট কতৃক ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষ্যে প্রভাত ফেরী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।







## ৭ই মার্চ "ঐতিহাসিক ৭ মার্চ দিবস ২০২৩":

রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট কতৃক আয়োজিত ৭ মার্চ দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও প্রমাণ্য চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়।





## ১৭ই মার্চ "জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান-এর জন্মবার্ষিকী":

বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২২ উপলক্ষ্যে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে আলোচনা সভা, শিশুদের সাস্থ্য সচেতনতা সম্পর্কে আলোচনা, প্রামাণ্যচিত্র প্রদর্শনী, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়।






## ২৫ মার্চ "জাতীয় গণহত্যা দিবস":

২৫ শে মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট কতৃক মোমবাতি প্রজ্জ্বলন ও আলোচনা সভা আযোজন করা হয়। আয়োজিত অনুষ্ঠানসমূহে উপস্থিত ছিলেন অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা।






## ২৬ মার্চ "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস":

২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা, প্রামাণ্যচিত্র প্রদর্শণী ও ক্রিড়া প্রতিযোগীতা আয়োজন করা হয় । এতে উপস্থিত ছিলেন সকল শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী ও ছাত্রীবৃন্দ।






**১৭ এপ্রিল মুজিব-নগর দিবস:**

১৭ এপ্রিল মুজিব-নগর দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।





**৫ আগস্ট বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪ তম জন্মবার্ষিকী:**

৫ আগস্ট ২০২৩ তারিখে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪ তম জন্মদিন উদযাপন উপলক্ষ্যে রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে আলোচনা সভা, প্রামাণ্য চিত্র প্রদর্শনী ও রচনা প্রতিযোগীতার আয়োজন করা হয়। একই সাথে রচনা প্রতিযোগীতার বিজয়ীদের মধ্যে পুরষ্কার বিতরণ করা হয়।





**১৫ আগষ্ট জাতীর পিতার মৃত্যুবার্ষিকী "জাতীয় শোক দিবস ২০২৩":**

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে আলোচনা সভা, প্রামাণ্য চিত্র প্রদর্শণী, রচনা প্রতিযোগীতা ও দোয়া মহফিল এর আয়োজন করা হয়।





**অন্যান্য দিবস সমূহ উদযাপন:**

**নজরুল জন্মজয়ন্তী ২০২৩:**

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা, রচনা ও আবৃত্তি প্রতিযোগীতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান এর আয়োজন করা হয়।





<u>বর্ষবরণ ১৪৩০:</u>

শুভ নববর্ষ ১৪৩০ উদযাপন উপলক্ষ্যে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট কতৃক আয়োজিত হয় আনন্দ শোভাযাত্রা।





<u>শিক্ষকবৃন্দের বরণ ও বিদায় ২০২৩:</u>

৩০.০৫.২০২৩ খ্রি. তারিখে পদোন্নতি প্রাপ্ত অত্র প্রতিষ্ঠানের ৪ জন শিক্ষকের পদোন্নতির পদায়ন জনিত এবং ১জন শিক্ষকের বদলীজনিত বিদায় অনুষ্ঠান। একই সাথে ১ জন শিক্ষকের বদলী জনিত আগমন ও নতুন কিছু খন্ডকালীন শিক্ষকের যোগদান উপলক্ষ্যে বরণ ও বিদায় অনুষ্ঠান অত্র প্রতিষ্ঠানের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়।





<u>শ্রেষ্ঠত্ব অর্জন উদযাপন ও সংবর্ধনা অনুষ্ঠান:</u>

২৬-০৯-২০২৩ তারিখে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩ সহ প্রতিষ্ঠানের শ্রেষ্ঠত্ব অর্জন উদযাপন ও সংবর্ধনা অনুষ্ঠান । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধান অতিথি : প্রফেসর ডা. জুবাইদা আয়েশা সিদ্দীকা, অধ্যক্ষ, রাজশাহী সরকারি মহিলা কলেজ। বিশেষ অতিথি : প্রফেসর ডা. হাসনা আরা বেগম , অধ্যাপক , রাজশাহী কলেজ। সভাপতি: জনাব মোঃ ওমর ফারুক, অধ্যক্ষ, রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট।





<u>দোয়া ও মিলাদ মাহফিল:</u>

পবিত্র ঈদে মিলাদুন্নবী উপলক্ষ্যে দোয়া ও মিলাদ মাহফিল । প্রধান আলোচক : মাওলানা মোঃ আরিফুল ইসলাম, উপাধ্যাক্ষ ,বশিরাবাদ দাওয়াতুল ইসলাম আলিম মাদ্রাসা। সভাপতি : জনাব মোঃ ওমর ফারুক, অধ্যক্ষ, রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট।





সহ-শিক্ষা কার্যক্রম- রোভারিং:

১৪-১১-২০২৩ তারিখে বার্ষিক তাঁবু বাস ও দীক্ষা অনুষ্ঠান-২০২৩ অনুষ্ঠিত হয়। আয়োজক : গার্লস ইন রোভার ইউনিট, রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট।





বিদায় অনুষ্ঠান:

২০২৩ সালে অত্র ইন্সটিটিউটের সকল টেকনোলজির শিক্ষার্থীদের নিজস্ব ব্যবস্থাপনায় ও সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের উপস্থিতেতে তাদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।



জব ফেয়ার ও স্কিলস কম্পিটিশনঃ

১৯-০১২০২৩- তারিখ রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে দিনব্যাপী ক্যাম্পাস ওপেন ডে উপলক্ষ্যে জব ফেয়ার , স্কিলস্ প্রদর্শনী ও সেমিনার আয়োজন করা হয় ।প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব জি এস এম জাফরউল্লা (এনডিসি)বিভাগীয় কমিশনার(অতিরিক্ত সচিব) , রাজশাহী এছাড়াও উপস্থিত ছিলেন জনাব জয়া মারিয়া পেরেরা রাজশাহী জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)।








সেমিনার- স্মার্ট বাংলাদেশ বিনির্মানে কারিগরি শিক্ষার ভূমিকা ও করণীয়:

১৭-০৬-২০২৩ তারিখে রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট কতৃক আয়োজিত স্কিলস কম্পিটিশন এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মানে কারিগরি শিক্ষার ভূমিকা ও করণীয় সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব শামীম আহামেদ , জেলা প্রশাসক , রাজশাহী।






কর্মশালাঃ

১। ২৪-০৬-২০২৩ তারিখে রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট শুদ্ধাচার প্রতিষ্ঠার নিমিত্ত দুর্ণীতি প্রতিরোধ বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হয় । উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব ড. মোঃ আয়াতুল ইসলাম যুগ্মসচিব (প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।






ওরিয়েন্টেশন ও অভিভাবক সমাবেশঃ

১২-০৩-২০২৩ তারিখে নবীন বরণ -২০২৩ ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়।





সচেতনতামূলক কার্যক্রমঃ

১২/০৬/২০২৩ তারিখ রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে ছাত্রীদের স্বাস্থ্য সচেতনা বৃদ্ধির জন্য SMC এর উদ্যগে একটি সচেতনতা মূলক সেমিনার আয়োজন করা হয় । যার সার্বিক ব্যবস্থাপনায় ছিল রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট।




মত-বিনিময় (নলেজ শেয়ারিং) সভা:

১৪-০৬-২০২৩ তারিখে কারিগরি ও বৃত্তি মূলক শিক্ষা সপ্তাহ-২০২৩ উদযাপন উপলক্ষ্যে কারিগরি শিক্ষার প্রচারে উদ্দেশ্য দেশের শ্রেষ্ঠ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সস্টিটিউট কতৃক আয়োজিত মত-বিনিময় (নলেজ শেয়ারিং) সভা অনুষ্ঠিত হয় ।




২০২৩ সালে অত্র ইন্সটিটিউট পরিদর্শনের তথ্যাবলি (কালানুসারে)

১। ০৪/০১/২০২৩ তারিখে রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট পরিদর্শন করেন ড.রেজা হাসান মাহমুদ, সংযুক্ত কর্মকর্তা ( আইন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।




২। ০৪.০৩.২০২৩ তারিখে অ্যাকসেলারেটারিং এন্ড স্টেনদেনিং স্কিল ফর ইকনমিক ট্রান্সফরমেশন এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আবু মমতাজ সাদ উদ্দিন আহমদ অত্র প্রতিষ্ঠান পরিদর্শন করেন ও নানা বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। পরবর্তীতে ২২.০৭.২০২৩ তারিখে এ্যাসেট প্রকল্প পরিচালক মহোদয় আবারো রাজশাহী মহিলা পলিটেকনি ইনস্টিটিউট পরিদর্শন করেন।






৩। ১৩/০৪/২০২৩ তারিখে রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট পরিদর্শন করেন জনাব ওয়ালিদ হোসেন, যুগ্ম-সচিব, অর্থ মন্ত্রণালয়।





৪। ২৩-০৯-২০২৩ তারিখে রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কারিগরি শিক্ষার ভূমিকা" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয় । উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ কামাল হোসেন, সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। এ সময় তিনি বিভিন্ন টেকনোলজির ল্যাবসমূহ পরিদর্শন করেন।





প্রশাসনিক সভার তথ্যাবলিঃ

রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার মানোন্নয়ন, শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম সহজীকরণ, সেবার মানোন্নয়ন, নিরাপত্তা নিশ্চিতকরণ ও সামগ্রিক নানাবিধ বিষয়ের উপর অত্র ইন্সটিটিউটের সম্মানিত অধ্যক্ষ মহোদয়ের সভাপতিত্বে ও অন্যান্য সদস্যদের উপস্থিতেতে ২০২৩ সালে মোট ১৭ টি প্রশাসনিক সভা অনুষ্ঠিত হয়।

তথ্য সেবা প্রদানঃ

তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী মোঃ হাছানুজ্জামান (ঠিকানা-২৪৩/১, মথুরা ডাঙ্গা, সপুরা, রাজশাহী) অত্র ইন্সটিটিউটের ২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয় সংক্রান্ত তথ্য জানতে চাইলে প্রয়োজনীয় ডকুমেন্টসহ তথ্য সেবা প্রদান করা হয়েছে।

২০২২-২০২৩ অর্থ বছরে ইনস্টিটিউটে বরাদ্দ ও ব্যয়ঃ

রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে ২০২২-২০২৩ অর্থ-বছরে মোট বরাদ্দের পরিমাণ ৮,৬৭,৩০,৩০০ টাকা ও মোট ব্যয়ের পরিমাণ ৮,০০,৭৪,৬১১ টাকা।

২০২৩ সালের অর্জনসমূহঃ

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩ এ বিভিন্ন ক্যাটাগরিতে একাধিক পুরস্কার অর্জনের মাধ্যমে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট অনন্য সম্মান অর্জন করে।

আমাদের অর্জনসমূহঃ

| ক্যাটাগরি | অর্জনকারী |
|---|---|
| দেশের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কারিগরি) | রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সস্টিটিউট |
| রাজশাহী বিভাগের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (কারিগরি) | জনাব মোঃ ওমর ফারুক, অধ্যক্ষ, রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট |
| রাজশাহী জেলার শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক (কারিগরি) | জনাব শিল্পী রাণী সাহা, ফিজিক্যাল ইন্সট্রাক্টর, রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট |
| রাজশাহী বিভাগের শ্রেষ্ঠ শিক্ষার্থী (কারিগরি) | শুক্লা রাণী ঘোষ, ৩য় পর্ব, কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি |
| রাজশাহী জেলার শ্রেষ্ঠ আবৃত্তি শিল্পী (কলেজ ক্যাটাগরি) | রিজিয়া রহমান মেধা, ৭ম পর্ব, আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন। |






**ইনহাউজ ট্রেনিং:**

ক। ১০-০৭-২০২৩ তারিখে রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে আর্কিটেকচার এন্ড ইন্টিরিয়র ডিজাইন টেকনোলজীর শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দর দক্ষতাবৃদ্ধির লক্ষ্যে Robotic (Motorized) Total Station & All Civil Equipment with processing Work এর উপর ইন হাউজ প্রশিক্ষন প্রদান করা হয়।

খ। ১২-০৭-২০২৩ তারিখে রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে আর্কিটেকচার এন্ড ইন্টিরিয়র ডিজাইন টেকনোলজীর শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দর দক্ষতাবৃদ্ধির লক্ষ্যে Robotic (Motorized) Total Station & All Civil Equipment with processing Work এর উপর ইন হাউজ প্রশিক্ষন এর Closing Ceremony তে Zoom App এর মাধ্যমে Zoom meeting এ উপস্থিত ছিলেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক জনাব মোঃ মোহসিন।



প্রশিক্ষণের চিত্র

৩।ইন্ডাস্ট্রি- ইন্সটিটিউট লিঙ্কেজঃ

ইন্ডাস্ট্রি এটাচমেন্টের মাধ্যমে শিক্ষার্থীদের তাদের নিজস্ব পঠিত বিষয়ের উপর প্রশিক্ষণ ও বাস্তবিক জ্ঞানসম্পন্ন অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে ২০২৩ সালে সকল টেকনোলজির শিক্ষার্থীদের জন্য একাধিক ইন্ডাস্ট্রির সাথে মোট ০৫টি MoU স্বাক্ষর করা হয়।



MoU স্বাক্ষরের স্থির চিত্র

**৪। ল্যাবের আধুনিকায়নঃ**

রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষক ও শিক্ষার্থীদের আধুনিক ও সময় উপযোগী শিক্ষা ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে ২০২৩ সালে নিম্নোক্ত টেকনোলজিসমূহে নতুন ল্যাব স্থাপন ও আধুনিকায়ন করা হয়েছে।

ক। ফুড টেকনোলজি (০১ টি নতুন ল্যাব স্থাপন)
খ। কম্পিউটার টেকনোলজি (আইওটি ল্যাব স্থাপন)
গ। ইলেক্ট্রিক্যাল টেকনোলজি (বিদ্যমান ল্যাবের আধুনিকায়ন)
ঘ। সকল টেকনোলজির ল্যাবসমূহে ইন্টারএ্যাকটিভ ফ্ল্যাট প্যানেল (স্মার্ট বোর্ড) স্থাপন।




চিত্রঃ আধুনিক আইওটি ল্যাব

**৫। সোলার সিস্টেম স্থাপনঃ**

এসডিজির লক্ষ্য বাস্তবায়নের পথে রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে গ্রিন এনার্জি নিশ্চিতকরণের জন্য ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন সোলার সিস্টেম স্থাপন করা হয়েছে।



চিত্রঃ সোলার সিস্টেম পরিদর্শন

**৬। অতিথি কক্ষের সংস্কারঃ**

২০২৩ সালে রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে আগত বিভিন্ন পর্যায়ের অতিথিদের বিশ্রাম ও রাত্রি যাপনের জন্য অত্র ইন্সটিটিউটে বিদ্যমান অতিথি কক্ষের সময় উপযোগী আধুনিকায়ন করা হয়েছে।

(মোঃ ওমর ফারুক)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট